MAR 03 2002

দৈনিক সংবাদ

তারিখ ............
পৃষ্ঠা ১১ ... কলাম ... ৩

# অনার্স কলেজ হবে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়

সংসদ বার্তা পরিবেশক : অচিরেই দেশের বড় সরকারি অনার্স কলেজগুলোকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে। ইতোমধ্যে ঢাকার জগন্নাথ কলেজ ও ইডেন কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করতে সরকার প্রকল্প হাতে নিয়েছে।

গতকাল জাতীয় সংসদের বৈঠকে শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন জাতীয় পার্টির সদস্য গোলাম মোহাম্মদ কাদেরের ৭১ বিধিতে দেয়া [illegible] নোটিশের জবাবে এ তথ্য জানান।